

আমাদের সময়

গাজীপুরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত

গাজীপুর প্রতিনিধি

২৬ মার্চ ২০২২ ০৭:০০ পিএম | আপডেট: ২৬ মার্চ ২০২২ ০৭:০২ পিএম

24Shares



ছবি : আমাদের সময়

গাজীপুরে নানা কর্মসূচি ও অনুষ্ঠানের মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। দিনটি উপলক্ষে শনিবার সকালে ঐতিহাসিক রাজবাড়ি মাঠ সংলগ্ন শহীদ স্মৃতিস্তম্ভে জেলা প্রশাসক আনিসুর রহমানের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ ছাড়া গাজীপুর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আসাদুর রহমান কিরন, মেট্রোপলিটন পুলিশ কমিশনার খন্দকার লুৎফুল কবীরসহ জেলা পুলিশ, শিল্প পুলিশ, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড, জেলা আওয়ামী লীগ, জেলা পরিষদ, জেলা মহিলা ক্রীড়া সংস্থাসহ বিভিন্ন রাজনৈতিক সামাজিক সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

অপরদিকে, শহীদ বরকত স্টেডিয়ামে স্বাধীনতা দিবসের কুচকাওয়াচ, ডিসপ্লে ও পুরস্কার বিতরণ, বঙ্গতাজ অডিটোরিয়ামে শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা দেয়া হয়। দিনটি উপলক্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উনুক্ত বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। এছাড়া সরকারি, বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও সড়ক দ্বীপে আলোকসজ্জা করা হয়েছে।

দৈনিক


আমার সংবাদ

সত্যের সন্ধানে প্রতিদিন

রোববার ২৭ মার্চ ২০২২

১৩ চৈত্র ১৪২৮

www.amarsangbad.com



বারিতে স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) গতকাল মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপনের অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে বারির মহাপরিচালক ড. দেবানীষ সরকার (বাম থেকে চতুর্থ) অন্য পরিচালকরা ও বিজ্ঞানীদের সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় উপস্থিত ছিলেন (বাম থেকে) পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিক আকন্দ, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. সাহিফুল ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন উইং) ড. অপূর্ব কান্তি চৌধুরী, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মোছাম্মৎ সামছুল্লাহা, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার।



বারিতে মহান নানা আয়োজনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট মহাপরিচালক ড. দেবশীষ সরকার অন্য পরিচালকদের নিয়ে জাতীয় সংগীত, জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণসহ নানা আয়োজনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। বিকালে আলোচনা সভা ও বারি থেকে অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে বারির পরিচালক ড. মো. কামরুল হাসানের সভাপতিত্বে মহাপরিচালক ড. দেবশীষ সরকার, ড. মো. তারিকুল ইসলাম, ড. অপূর্ব কান্তি চৌধুরী, ড. মো. আব্দুল লতিফ আকন্দ, ড. মো. সাইফুল ইসলাম, ড. মোছাম্মৎ সামছুন্নাহার, ড. সোহেলা আক্তার ও বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা, শ্রমিক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।